



বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ)

বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি ভবন (৫ম তলা), ৫৩, মহাখালী বা/এ, ঢাকা ১২১২।

www.bnf.gov.bd

স্মারক নং-বিএনএফ/প্রশাঃ/এমডি নিক/২৪/২০২০/৩৬৭

তারিখঃ ২৯/০৫/২০২৫

ব্যবস্থাপনা পরিচালক পদের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সমর্থনপুষ্ট একটি স্বশাসিত প্রতিষ্ঠান।

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনে চুক্তিভিত্তিতে ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। পরিচালনা পরিষদ চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ নির্ধারণ করবে।

মাসিক মূল বেতনঃ

৳ ৮০,০০০/- (নির্ধারিত)।

অন্যান্য সুযোগ-সুবিধাঃ

- ১। সার্বক্ষণিক ব্যবহারের জন্য একটি গাড়ি;
- ২। একটি মোবাইল ফোন ও আবাসিক টেলিফোন বিল (বৈদেশিক কল ব্যতীত);
- ৩। বাড়ি ভাড়া ভাতা, দুটি উৎসব ভাতা, বাংলা নববর্ষ ভাতা, আপ্যায়ন ভাতা, চিকিৎসা ভাতা।

শিক্ষাগত যোগ্যতাঃ

প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনপক্ষে মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। তবে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা থেকে পরবর্তী পরীক্ষাসমূহের কোনোটিতে তৃতীয় বিভাগ/শ্রেণি বা সমমানের গ্রেডে উত্তীর্ণ ব্যক্তি আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

অভিজ্ঞতাঃ

কোনো সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির কর্মকর্তার পদে কমপক্ষে ২০ বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে অনুরূপ শিক্ষাগত যোগ্যতা এবং দায়িত্বপূর্ণ পদে কমপক্ষে ২৫ বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।

ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগের যোগ্যতা হিসেবে আর্থিক/পরিকল্পনা, গ্রামীণ অর্থনীতি/পল্লী দারিদ্র্য বিমোচন/ সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ড/ক্ষুদ্রঋণ, প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন, বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত একাধিক বিষয়ে অবশ্যই অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

পরীক্ষা পদ্ধতিঃ

প্রাপ্ত আবেদনের মধ্য হতে শর্ট লিস্ট (Short List) করে প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।


বয়সঃ

০১ জুলাই ২০২৫ তারিখে বয়স ন্যূনতম ৫৫ বছর এবং অনধিক ৬২ বছর হতে হবে।

শর্তাবলীঃ

- ১) ব্যবস্থাপনা পরিচালক ফাউন্ডেশনের সার্বক্ষণিক কর্মকর্তা হিসেবে গণ্য হবেন;
- ২) নৈতিকতার পরিপন্থি ক্রিয়াকলাপের জন্য চাকরিচ্যুত অথবা আদালতে সাজা প্রাপ্ত কোনো ব্যক্তি এ পদের জন্য বিবেচিত হবেন না;
- ৩) আবেদনের সাথে অভিজ্ঞতার সার্টিফিকেট, উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট থেকে যথাযথ চারিত্রিক সার্টিফিকেট এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট এবং সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে। চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। চেয়ারম্যান, বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি ভবন (৫ম তলা), ৫৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২ বরাবরে নির্ধারিত সময়ের মধ্যে পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তসহ আবেদনের হার্ড কপি দাখিল করতে হবে এবং সফট কপি chairman@bnf.gov.bd বরাবর ইমেইলে প্রেরণ করতে হবে।
- ৪) ক্রটিপূর্ণ, অসম্পূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না;

দরখাস্ত পৌঁছানোর শেষ তারিখ: সোমবার, ৩০ জুন ২০২৫ (বিকাল ০৫:০০টা পর্যন্ত)


২৯-০৫-২০২৫
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন